**Example no: 58-64**

# BCS Oditi Online Class (01904-433500)

## Translation Practice Sheet-6

**(Example no: 35-41; Based on Note 1 - 9)**

***1.*** **প্রধানমন্ত্রী শেখ হাসিনা** অস্ত্র প্রতিযোগিতার পরিবর্তে সর্বজনীন টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সকলকে তাদের সম্পদ ব্যবহার করার আহ্বান জানিয়ে অংশীদারীত্বের ভিত্তিতে একটি শান্তিপূর্ণ বিশ্ব গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। *(Please follow ote 1 ও 9)*

***2.*** শেখ হাসিনা বলেন, 'গত দুই বছর ধরে **করোনাভাইরাস মহামারী** পুরো বিশ্ব ব্যবস্থাকে এক নতুন সংকটের **মুখোমুখি করেছে**। এই সংকট প্রমাণ করেছে, শান্তিপূর্ণভাবে এই পৃথিবীতে বসবাস করতে হলে অংশীদারীত্বের ভিত্তিতে একটি জবাবদিহিতামূলক বিশ্ব ব্যবস্থা গড়ে তোলার কোনো **বিকল্প নেই**। *(দয়া করে note 6/9 হুবহু অনুসরণ করো)*

**3.** তিনি বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শান্তির আদর্শকে পুরোপুরি ধারণ করে পারস্পারিক শ্রদ্ধাবোধ ও সমঝোতার ভিত্তিতে সকলের সঙ্গে কাজ করার জন্য **বাংলাদেশ সদা প্রস্তুত রয়েছে**।' *(দয়া করে note 9 হুবহু অনুসরণ করো)*

**4.** সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও আমরা ১১ লাখের অধিক মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীকে সাময়িক আশ্রয় দিয়েছি উল্লেখ করে সরকার প্রধান বলেন, এর ফলে এই অঞ্চলে একটি বড় ধরনের মানবিক বিপর্যয় এড়ানো সম্ভব হয়েছে।

**5.** আর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশ এখন বিশ্বে রোল মডেল উল্লেখ করে প্রধানমন্ত্রী **বলেন**, আমাদের অর্থনীতির আকার এখন ৪১১ বিলিয়ন মার্কিন ডলার, মাথাপিছু আয় ২৫৫৪ মার্কিন ডলার। রূপকল্প-২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে **আমরা** ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন **শুরু করেছি**। আমরা 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০'-ও বাস্তবায়ন করছি।

**6.** **প্রধানমন্ত্রী** জাতির পিতার শান্তি স্থাপনের প্রয়াস সম্পর্কে আলোকপাত করতে গিয়ে **বলেন**, ১৯৪৭ সালে পাকিস্তান সৃষ্টির পর পূর্ব বাংলার জনগণের উপর উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে চাপিয়ে দেওয়া হলে *(কৌশল: যখন চাপিয়ে দেওয়া হয়, তখন)* তরুণ ছাত্রনেতা শেখ মুজিব এর প্রতিবাদ করেন এবং বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠার আন্দোলন সংগঠিত করতে গিয়ে বারবার কারাবরণ করেন। দীর্ঘ কারাবাসের পর **তিনি** ১৯৫২ সালের ২৭ ফেব্রুয়ারি **মুক্তি পান**। একই বছর **তিনি** বেইজিং এ অনুষ্ঠিত এশীয়-প্রশান্ত মহাসাগরীয় শান্তি সম্মেলনে **যোগ দেন** এবং প্রথম বাঙালি হিসেবে বিদেশের মাটিতে বাংলায় **বক্তৃতা করেন**।

***7.*** তার সরকার জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে 'শূন্য-সহনশীলতা' নীতি **গ্রহণ করেছে** উল্লেখ করে **প্রধানমন্ত্রী** বলেন, 'আঞ্চলিক ও আন্তর্জাতিক শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে **আমরা** সংশ্লিষ্ট সংস্থাগুলোর সঙ্গে নিবিড়ভাবে **কাজ করছি**।' *(দয়া করে note 1 ও 9 হুবহু অনুসরণ করো)*

# Sample Solution

**1.** **প্রধানমন্ত্রী শেখ হাসিনা** অস্ত্র প্রতিযোগিতার পরিবর্তে সর্বজনীন টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সকলকে তাদের সম্পদ ব্যবহার করার আহ্বান জানিয়ে অংশীদারীত্বের ভিত্তিতে একটি শান্তিপূর্ণ বিশ্ব গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। *(দয়া করে note 1 ও 9 হুবহু অনুসরণ করো)*

(কৌশল: **প্রধানমন্ত্রী শেখ হাসিনা** অস্ত্র প্রতিযোগিতার পরিবর্তে সর্বজনীন টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সকলকে তাদের সম্পদ ব্যবহার করার **আহ্বান জানিয়েছেন এবং** অংশীদারীত্বের ভিত্তিতে একটি শান্তিপূর্ণ বিশ্ব গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর **গুরুত্বারোপ করেছেন**।)

**Prime Minister Sheikh Hasina has called upon/urged/ advised** all/everyone to use their resources to ensure universal sustainable development instead of armaments/ arms race, **and emphasized/highlighted/stressed** the need to build a peaceful world on the basis of partnership.

**2.** শেখ হাসিনা বলেন, ‘গত দুই বছর ধরে **করোনাভাইরাস মহামারী** পুরো বিশ্ব ব্যবস্থাকে এক নতুন সংকটের **মুখোমুখি করেছে**। এই সংকট প্রমাণ করেছে, শান্তিপূর্ণভাবে এই পৃথিবীতে বসবাস করতে হলে অংশীদারীত্বের ভিত্তিতে একটি জবাবদিহিতামূলক বিশ্ব ব্যবস্থা গড়ে তোলার কোনো **বিকল্প নেই**।

*(দয়া করে note 6/9 হুবহু অনুসরণ করো)*

Sheikh Hasina said, "Over the last two years, **the coronavirus epidemic has challenged/faced/met** the entire world system to a new crisis. This crisis has proved that **there is** no alternative to building an accountable/ responsible world order based on partnership." ***(alternative to এর পরে verb+ing হয়)***

**3.** তিনি বলেন, ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শান্তির আদর্শকে পুরোপুরি ধারণ করে পারস্পারিক শ্রদ্ধাবোধ ও সমঝোতার ভিত্তিতে সকলের সঙ্গে কাজ করার জন্য **বাংলাদেশ সদা প্রস্তুত রয়েছে**।’ *(দয়া করে note 9 হুবহু অনুসরণ করো)*

She said, "**Bangladesh is always ready** to work with all on the basis of mutual respect and understanding, fully holding/embracing the ideals of peace of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman."

**4.** সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও আমরা ১১ লাখের অধিক মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীকে সাময়িক আশ্রয় দিয়েছি উল্লেখ করে সরকার প্রধান বলেন, এর ফলে এই অঞ্চলে একটি বড় ধরনের মানবিক বিপর্যয় এড়ানো সম্ভব হয়েছে।

**(কৌশল:** সরকার প্রধান বলেন, সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও **আমরা** ১১ লাখের অধিক মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীকে সাময়িক আশ্রয় **দিয়েছি**। এর ফলে, এই অঞ্চলে একটি বড় ধরনের মানবিক বিপর্যয় এড়ানো **সম্ভব হয়েছে**।

The head of government said, "Despite our limited resources, **we** **have provided/given** temporary shelter to (বা, have temporarily sheltered) more than 1.1 million Rohingya of Myanmar". As a result, **it has been possible** to avoid a major humanitarian disaster/catastrophe in the region.

**5.** আর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশ এখন বিশ্বে রোল মডেল উল্লেখ করে প্রধানমন্ত্রী **বলেন**, আমাদের অর্থনীতির আকার এখন ৪১১ বিলিয়ন মার্কিন ডলার, মাথাপিছু আয় ২৫৫৪ মার্কিন ডলার। রূপকল্প-২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে **আমরা** ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন **শুরু করেছি**। আমরা 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০'-ও বাস্তবায়ন করছি।

Referring to Bangladesh as a role model in the world for socio-economic development, **the Prime Minister said** that **the size of our economy is** now 411 billion US dollars and **per capita income is** 2554 US dollars.
For the implementation of/ implementing/executing Vision-2041, **we have started** implementing/executing the 8th Five Year Plan. We are also implementing 'Bangladesh Delta Plan 2100'.

**6.** **প্রধানমন্ত্রী** জাতির পিতার শান্তি স্থাপনের প্রয়াস সম্পর্কে আলোকপাত করতে গিয়ে **বলেন**, ১৯৪৭ সালে পাকিস্তান সৃষ্টির পর পূর্ব বাংলার জনগণের উপর উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে চাপিয়ে দেওয়া হলে ***(কৌশল: যখন চাপিয়ে দেওয়া হয়, তখন)*** তরুণ ছাত্রনেতা শেখ মুজিব এর প্রতিবাদ করেন এবং বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠার আন্দোলন সংগঠিত করতে গিয়ে বারবার কারাবরণ করেন। দীর্ঘ কারাবাসের পর **তিনি** ১৯৫২ সালের ২৭ ফেব্রুয়ারি **মুক্তি পান**। একই বছর **তিনি** বেইজিং এ অনুষ্ঠিত এশীয়-প্রশান্ত মহাসাগরীয় শান্তি সম্মেলনে **যোগ দেন** এবং প্রথম বাঙালি হিসেবে বিদেশের মাটিতে বাংলায় **বক্তৃতা করেন**।

**The Prime Minister**, while highlighting the efforts of the Father of the Nation to establish peace, **said** that after the creation of Pakistan in 1947, when Urdu **was imposed** on the people of East Bengal as the state language, **the young student leader Sheikh Mujib protested and was repeatedly imprisoned** for organizing a movement to establish Bengali as the state language. **He was released** on 26 February 1952 after a long imprisonment. In the same year, **he attended** the Asia-Pacific Peace Conference held in Beijing and **was** the first Bengali **to speak** in Bengali on foreign soil.

**8.** তার সরকার জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে 'শূন্য-সহনশীলতা' নীতি **গ্রহণ করেছে** উল্লেখ করে **প্রধানমন্ত্রী** বলেন, 'আঞ্চলিক ও আন্তর্জাতিক শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে **আমরা** সংশ্লিষ্ট সংস্থাগুলোর সঙ্গে নিবিড়ভাবে **কাজ করছি**।'

*(দয়া করে note 1 ও 9 হুবহু অনুসরণ করো)*

Referring/Stating/Noting/Mentioning that **her government has adopted** a "zero-tolerance" policy against militancy and terrorism, **the Prime Minister said**: "**We** **are working** closely/ strictly with the concerned agencies to maintain a peaceful regional and international environment."